যুগান্তর
প্রিন্ট: ০২ সেপ্টেম্বর ২০২৫, ১০:০০ এএম

শিক্ষাঙ্গন

# জাকসুর ব্যালট পেপারে যুক্ত হচ্ছে প্রার্থীর ডাকনাম

জাবি প্রতিনিধি
প্রকাশ: ০১ সেপ্টেম্বর ২০২৫, ১০:৩৪ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) নির্বাচনের ব্যালট পেপারে প্রার্থীদের ডাকনাম সংযোজনের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন।

সোমবার (১ সেপ্টেম্বর) নির্বাচন কমিশনের সদস্য সচিব অধ্যাপক একেএম রাশিদুল আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) ও হল সংসদ নির্বাচনে ব্যালট পেপারে প্রার্থীদের মূল নামের সঙ্গে ডাকনাম সংযোজন করার জন্য আগামী ২ সেপ্টেম্বর বিকাল ৪টার মধ্যে জাকসু নির্বাচন কমিশন বরাবর প্রার্থীর মূল নামের সঙ্গে ডাকনাম উল্লেখ করে লিখিতভাবে আবেদন করার জন্য অনুরোধ করা হচ্ছে।

গত কয়েকদিন প্রার্থীরা তাদের ডাকনাম সংযোজন করার জন্য নির্বাচন কমিশনকে দাবি জানিয়েছিলেন।